নিম্নলিখিত ক্রয়যোগ্য এইচএসই প্রকাশনাগুলোতে স্বাস্থ্য ও নিরাপত্তা আইন সম্পর্কে আরো বিস্তারিত বিবরণ দেওয়া হয়েছে ঃ

*Essentials of health and safety at work* HSE Books ISBN 0 7176 0716 X;

এছাড়া এই ধরনের বিনামূল্যের প্রচারপত্র পাওয়া যায় ঃ

*An introduction to health and safety* INDG259 HSE Books.

বিভিন্ন এইচএসই প্রকাশনার পূর্ণাঙ্গ বিবরণ পাওয়া যায় এই এইচএসই ওয়েব সাইট-এ ঃ
http://www.open.gov.uk/hse/hsehome.htm

সমস্ত এইচএসই প্রকাশনা পাওয়া যায় এখানে ঃ
HSE Books, PO Box 1999, Sudbury, Suffolk CO10 2WA
টেলিফোন ঃ 01787 881165 ফ্যাক্স ঃ 01787 313995.

বিভিন্ন এইচএসই প্রকাশনা ভালো পুস্তক বিক্রেতাদের কাছেও কিনতে পাওয়া যায়।

হেলথ অ্যান্ড সেফ্‌টি এক্সিকিউটিভ দ্বারা অনুমোদিত 1 অক্টোবর 1999
Approved by the Health and Safety Executive 1 October 1999

4/00 C3750
Printed and published by the Health and Safety Executive

Bengali

HSE
Health & Safety Executive

# স্বাস্থ্য ও নিরাপত্তা আইন

## HEALTH AND SAFETY LAW

## আপনার যা জানা উচিত

**কাজের জায়গায় আপনার স্বাস্থ্য, নিরাপত্তা ও কল্যাণ আইনের দ্বারা সংরক্ষিত।**

**আপনার সুরক্ষার ব্যবস্থা করা এবং স্বাস্থ্য ও নিরাপত্তা-সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য আপনাকে সরবরাহ করা আপনার নিয়োগকর্তার দায়িত্ব।**

**নিজের ও অন্যদের নিরাপত্তার দিকে নজর দেওয়া আপনার দায়িত্ব।**

**যদি কোন সমস্যা দেখা দেয়, তা নিয়ে আপনার নিয়োগকর্তা বা নিরাপত্তা প্রতিনিধির সঙ্গে আলোচনা করুন, যদি তেমন কেউ থাকে।**

এই প্রচারপত্র স্বাস্থ্য ও নিরাপত্তা আইনের একটি সংক্ষিপ্ত নির্দেশিকা। এটা আইনের বিস্তারিত বিবরণ দিচ্ছে না, তবে মূল ধারাগুলোর তালিকা এর মধ্যে দেওয়া হয়েছে।

**আইন অনুযায়ী আপনার নিয়োগকর্তার কর্তব্য হলো, যথাসম্ভব বাস্তবসম্মতভাবে, কাজের জায়গায় আপনার স্বাস্থ্য, নিরাপত্তা ও কল্যাণবিধান সুনিশ্চিত করা।**

**কাজের জায়গায় আপনার স্বাস্থ্য ও নিরাপত্তা-সংক্রান্ত বিভিন্ন বিষয় নিয়ে আপনার নিয়োগকর্তাকে আপনার বা আপনার নিরাপত্তা প্রতিনিধির সাথে অবশ্যই আলোচনা করতে হবে, যেমন ঃ**

- এমন যে কোন পরিবর্তন যার দরুণ কাজের জায়গায় আপনার স্বাস্থ্য ও নিরাপত্তা উল্লেখযোগ্যভাবে প্রভাবিত হতে পারে, যেমন পদ্ধতি, সরঞ্জাম বা কাজ করার ধরন;
- স্বাস্থ্য ও নিরাপত্তা সংক্রান্ত বিভিন্ন আইন সন্তোষজনকভাবে মেনে চলায় নিয়োগকর্তাকে সাহায্য করার জন্য তার দ্বারা দক্ষ লোকজনের ব্যবহার;
- আপনার কাজ থেকে সৃষ্টি হওয়া বিভিন্ন সম্ভাব্য ঝুঁকি ও বিপদ, এইসব ঝুঁকি কমানোর বা দূর করার জন্য গৃহীত বিভিন্ন ব্যবস্থা এবং কোন ঝুঁকি বা বিপদের মোকাবেলা করায় আপনাকে কি করতে হবে ইত্যাদি বিষয়ে আপনাকে যেসব তথ্য সরবরাহ করা দরকার;
- স্বাস্থ্য ও নিরাপত্তা বিধানের পরিকল্পনা করা; এবং
- নতুন প্রযুক্তি প্রবর্তনের স্বাস্থ্য ও নিরাপত্তাজনিত প্রতিক্রিয়া

**সাধারণভাবে, আপনার নিয়োগকর্তার বিভিন্ন কর্তব্যের মধ্যে রয়েছেঃ**

- আপনার কাজের জায়গাকে নিরাপদ ও স্বাস্থ্যের প্রতি ঝুঁকিহীন করে তোলা;
- সমস্ত সরঞ্জাম ও যন্ত্রপাতি যেন নিরাপদ হয় এবং কাজ করার উপযুক্ত নিরাপদ পদ্ধতি যেন অনুসরণ করা হয় তা নিশ্চিত করা;
- সমস্ত জিনিষপত্র ও পদার্থের নিরাপদে নাড়াচাড়া, মজুদ ও ব্যবহার নিশ্চিত করা;
- উপযুক্ত কল্যাণমূলক ব্যবস্থাদি সরবরাহ করা;
- আপনার স্বাস্থ্য ও নিরাপত্তাবিধানের জন্য প্রয়োজনীয় তথ্য, নির্দেশ, প্রশিক্ষণ ও তদারকীর যাবতীয় ব্যবস্থা আপনাকে সরবরাহ করা;

**বিশেষভাবে, আপনার নিয়োগকর্তাকে অবশ্যই যা যা করতে হবেঃ**

- আপনার স্বাস্থ্য ও নিরাপত্তার প্রতি সমস্ত ঝুঁকির মূল্যায়ন;
- মূল্যায়নের দ্বারা প্রয়োজনীয় বলে চিহ্নিত স্বাস্থ্য ও নিরাপত্তাবিধানের সমস্ত পদ্ধতি কার্যকর করার ব্যবস্থা করা;
- যদি পাঁচ বা তার বেশী সংখ্যক কর্মী নিযুক্ত থাকে, ঝুঁকি মূল্যায়নের দ্বারা চিহ্নিত উল্লেখযোগ্য বিষয়গুলো এবং স্বাস্থ্য ও নিরাপত্তাবিধানের বিভিন্ন ব্যবস্থার বিবরণ লিখে রাখা;
- যদি পাঁচ বা তার বেশী সংখ্যক কর্মী নিযুক্ত থাকে, একটা স্বাস্থ্য ও নিরাপত্তা নীতির বিবৃতি রচনা করা, যার মধ্যে থাকবে কার্যকর স্বাস্থ্য ও নিরপত্তা সংগঠন ও ব্যবস্থাদি এবং তার প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করা;
- স্বাস্থ্য ও নিরাপত্তাবিধানের দায়িত্ব পালন করার জন্য উপযুক্ত দক্ষতাসম্পন্ন কাউকে নিয়োগ করা এবং আপনার নিরাপত্তা প্রতিনিধির সঙ্গে এই নিয়োগের ব্যাপারে আলোচনা করা;
- একই কাজের জায়গা ব্যবহারকারী অন্যান্য নিয়োগকর্তাদের সঙ্গে স্বাস্থ্য ও নিরাপত্তা-সংক্রান্ত বিষয়ে সহযোগিতা করা;
- জরুরী পরিস্থিতিতে ব্যবস্থা গ্রহণের পদ্ধতি নির্ধারণ করা;
- উপযুক্ত প্রাথমিক চিকিৎসার সুবিধার ব্যবস্থা করা;
- কাজের জায়গার পরিবেশ যাতে স্বাস্থ্য, নিরাপত্তা ও কল্যাণ-সংক্রান্ত সমস্ত শর্ত, যেমন বাতাস চলাচল, তাপমাত্রা, আলো এবং স্বাস্থ্যবিধি, হাতমুখ ধোওয়া ও বিশ্রামের সুবিধা, পূরণ করে তা নিশ্চিত করা;
- স্বাস্থ্য ও নিরাপত্তাবিধানের বিচারে কাজের সমস্ত সরঞ্জাম যাতে তাদের প্রস্তাবিত ব্যবহারের উপযুক্ত হয় এবং সঠিকভাবে সংরক্ষিত ও ব্যবহৃত হয় তা নিশ্চিত করা;
- যেসব পদার্থ আপনার স্বাস্থ্যের ক্ষতি করতে পারে তাদের সংস্পর্শে আসা রোধ করা বা সঠিকভাবে নিয়ন্ত্রণ করা;
- সহজদাহ্য বা বিস্ফোরক পদার্থ, বৈদ্যুতিক সরঞ্জাম, জোরালো শব্দ ও ক্ষতিকর বিকীরণ থেকে বিপদের বিরুদ্ধে সতর্কতা অবলম্বন করা;
- বিপজ্জনক দৈহিক কাজকর্ম এড়িয়ে চলা, এবং যেখানে তা এড়ানো যাবে না সেখানে আহত হবার ঝুঁকি কমানো;
- যেমন উপযুক্ত, কর্মীদের স্বাস্থ্যের দিকে নজর রাখার ব্যবস্থা করা;
- যেখানে অন্যান্য উপায়ে বিভিন্ন ঝুঁকি নিয়ন্ত্রণ করা হচ্ছে না, সেখানে বিনা খরচে সুরক্ষামূলক পোষাক বা সরঞ্জাম সরবরাহ করা;
- নিরাপত্তা-সংক্রান্ত বিভিন্ন উপযুক্ত বিজ্ঞপ্তি যেন সরবরাহ করা ও প্রদর্শিত হয় তা নিশ্চিত করা;
- কয়েক ধরণের আঘাত, রোগ ও বিপজ্জনক ঘটনার খবর উপযুক্ত স্বাস্থ্য ও নিরাপত্তাবিধানকারী কর্তৃপক্ষের কাছে পৌঁছে দেওয়া (এই কর্তৃপক্ষ কারা তা নিচের বাক্সে দেখুন)।

**একজন কর্মী হিসাবে আপনারও কিছু আইনগত কর্তব্য আছে। তাদের মধ্যে রয়েছে ঃ**

- আপনার নিজের এবং আপনি যা করছেন না তার দ্বারা অন্যান্য যারা প্রভাবিত হতে পারে তাদের স্বাস্থ্য ও নিরাপত্তার ব্যাপারে যুক্তিসঙ্গত সতর্কতা অবলম্বন করা;
- স্বাস্থ্য ও নিরাপত্তাবিধান-সংক্রান্ত বিষয়ে আপনার নিয়োগকর্তার সঙ্গে সহযোগিতা করা;
- ব্যক্তিগত সুরক্ষামূলক সরঞ্জামসহ, আপনার নিয়োগকর্তার সরবরাহ করা কাজকর্মের উপকরণ প্রশিক্ষণের বিধি বা নির্দেশ অনুসারে সঠিকভবে ব্যবহার করা; এবং
- আপনার স্বাস্থ্য, নিরাপত্তা ও কল্যাণবিধানের জন্য সরবরাহ করা যে কোন ব্যবস্থায় বাধা সৃষ্টি না করা বা তার অপব্যবহার না করা।

আপনি যদি মনে করেন যে আপনার কাজের জায়গায় কোন স্বাস্থ্য বা নিরাপত্তাজনিত সমস্যা আছে, প্রথমে আপনার উচিত তা নিয়ে আপনার নিয়োগকর্তা, তদারককারী বা ব্যবস্থাপকের সঙ্গে আলোচনা করা। আপনি এই বিষয়ে আপনার নিরাপত্তা প্রতিনিধির সঙ্গেও আলোচনা করতে পারেন, যদি তেমন কেউ থাকে। আপনি, আপনার নিয়োগকর্তা বা আপনার নিরাপত্তা প্রতিনিধি স্বাস্থ্য ও নিরাপত্তাবিধান সম্পর্কে গোপনে পরামর্শ পেতে পারেন এইএসই ইনফোলাইন (HSE Infoline) টেলিফোন সেবায় 0541 545500 নম্বরে টেলিফোন করে।

আপনি যদি মনে করেন যে, আপনার নিয়োগকর্তা আপনাকে ঝুঁকির মুখে ফেলছে বা তার বৈধ কর্তব্যসমূহ পালন করছে না এবং আপনি সেদিকে তার দৃষ্টি আকর্ষণ করা সত্ত্বেও সন্তোষজনক সাড়া পাচ্ছেন না, তাহলে আপনার কাজের জায়গার স্বাস্থ্য ও নিরাপত্তাবিধান বলবৎকারী কর্তৃপক্ষের সঙ্গে আপনি যোগাযোগ করতে পারেন। স্বাস্থ্য ও নিরাপত্তা পরিদর্শকরা আপনাকে আইন মেনে চলার ব্যাপারে পরামর্শ দিতে পারবেন। আইন বলবৎ করার ক্ষমতাও তাঁদের আছে। এইচএসই-এর 'এমপ্লয়মেন্ট মেডিক্যাল অ্যাডভাইজারী সার্ভিস (Employment Medical Advisory Service) কাজের জায়গায় স্বাস্থ্যবিধান সম্পর্কে আপনাকে পরামর্শ দিতে পারে। তাদের নাম ও ঠিকানা আপনার নিয়োগকর্তা আপনাকে দিতে পারবে।

ফায়ার ব্রিগেড বা দমকল অথবা আপনার ফায়ার অফিসার-এর কাছ থেকে আপনি সাধারণভাবে আগুন লাগার ব্যাপারে সতর্কতামূলক পরামর্শ পেতে পারেন।